

জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার



## সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়ঃ ২১৮, এম, এ, বারী রোড, সোনাডাঙ্গা, খুলনা।

জাতীয় সম্পদ গ্যাসের  
অপচয় রোধ করে জাতীয়  
দায়িত্ব পালন করুন।

সূত্র নংঃ ২৮.২১.০০০০.১৩৫.৩২.০০১.২২/৩৮৪

তাং: ২১/০৮/২০২২ ইং

২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর তালিকাভুক্ত ১.১ শ্রেণীর (৪র্থ শ্রেণীর) ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ দুই (০২) অর্থবছরের জন্য তালিকাভুক্তি নবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত ঠিকাদারগণের নিকট হতে অত্র কোম্পানির নির্ধারিত ছক অনুযায়ী তথ্যসমেত (ই-মেইলসহ আবশ্যিক) প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঞ্জ লেটার হেড প্যাডে (রজিন) কম্পোজপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে। আগামী ১১/০৯/২০২২ তারিখ হতে ১১/১০/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে তালিকাভুক্তি নবায়নের আবেদনপত্র ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি এসজিসিএল এর সোনাডাঙ্গা, খুলনাস্থ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের দপ্তরে স্ব-শরীরে উপস্থিত হয়ে বা উপযুক্ত প্রতিনিধি মারফত দাখিল করতে হবে। এবিষয়ে উল্লেখ্য যে, প্রতিনিধি মারফত আবেদন জমা প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারী কর্তৃক প্রতিষ্ঠানের চতুরঞ্জ প্যাডে (রজিন) জমাদানকারী প্রতিনিধির ছবি ও স্বাক্ষর সত্যায়ন সম্বলিত ইস্যুকৃত Authorization Letter (প্রতিনিধির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি) প্রদর্শন ও জমা প্রদান করতে হবে। এছাড়াও নবায়নের আবেদন পত্র ও শর্তাবলী এসজিসিএল-এর ওয়েবসাইটঃ [www.sgcl.org.bd](http://www.sgcl.org.bd) হতে ডাউনলোড করা যাবে। প্রয়োজনে ঠিকাদারগণ এসজিসিএল এর সোনাডাঙ্গা, খুলনাস্থ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের দপ্তর হতে আবেদনপত্র সংগ্রহ ও যে কোন তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন। সংশ্লিষ্ট ঠিকাদারগণ নির্ধারিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঞ্জ লেটার হেড প্যাডে (রজিন) আবেদন ও নির্ধারিত নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে বকেয়া ফি ও জরিমানা) জমাদান পূর্বক ফরওয়ার্ডিং পত্রসহ যথানিয়মে তালিকাভুক্তি নবায়ন করতে পারবেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারগণকে অনুরোধ করা হলো। এছাড়াও নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদি দাখিল না করলে এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন সংক্রান্ত আনুষ্ঠানিক ব্যাপারে অত্র কোম্পানির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২১/০৮/২০২২  
(প্রকৌঃ মোঃ সোলাহউদ্দিন)

মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)

মোবাইল নং- ০১৭০৪-১৭১১০৩



